**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 28-09-2025** **Desk in Charge : Susmita M.**

**Time : 7.5O PM** **Compiling : Shankar M.**

**DEO : KB** **NR : Shuvra Ch.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, দুর্গাপুজো ও ছট উৎসবের মতো সাংস্কৃতিক ঐতিহ্যগুলিকে বিশ্ববাসীর সামনে তুলে ধরার কথা বলেছেন। # আকাশবাণীতে আজ 'মন কি বাত'-এর ১২৬-তম পর্বে তিনি স্বদেশী দ্রব্য দিয়ে দেশবাসীকে 'GST বচ্‌ত উৎসব' উদ্‌যাপনের অনুরোধ জানান।

২/ 'ভোকাল ফর লোকাল'-কে প্রধানমন্ত্রী কেনাকাটার মন্ত্র করার আহ্বান জানিয়েছেন।

৩/ শ্রী মোদী আজ নারী শক্তির উদ্‌যাপনকেও স্মরণ করেন।

৪/ শারদীয় দুর্গোৎসবের আজ ষষ্ঠী, সায়ংকালে মন্ডপে মন্ডপে চলছে দেবী দুর্গার আমন্ত্রণ ও অধিবাস পর্ব।

৫/ নিম্নচাপ সরে যাওয়ায় অষ্টমী পর্যন্ত ভারী বৃষ্টি না হলেও বিক্ষিপ্তভাবে হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

৬/ এশিয়া কাপ ক্রিকেটের ফাইনালে আজ টসে জিতে ভারত পাকিস্তানকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

***************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন-কি-বাত-এর ১২৬-তম পর্বে বলেছেন, কিছুদিন আগে কলকাতার দুর্গাপুজো ইউনেস্কোর ইনটেনজিবল কালচারাল হেরিটেজ তালিকার অন্তর্ভুক্ত হয়েছে। ছট উৎসবকেও এই তালিকার অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করে চলেছে। এইভাবেই সাংস্কৃতিক ঐতিহ্যগুলোকে গোটা বিশ্বের কাছে তুলে ধরতে হবে।

( বাইট- কলকাতার দুর্গাপুজো )

প্রধানমন্ত্রী বলেন, দেশে এখন **'জিএসটি বচত উৎসব'** চলছে। এই উপলক্ষে মানুষ যেন উৎসবের মরশুমে আরও বেশি করে কেনাকাটা করেন। তিনি কেবলমাত্র স্বদেশী দ্রব্যেই দেশবাসীকে উৎসব উদযাপনের অনুরোধ করেন। এর ফলে উৎসবের রোশনাই অনেকটাই বেড়ে যাবে। আরও একবার তিনি **ভোকাল ফর লোকালকে কেনাকাটার মন্ত্র** করার আহ্বান জানিয়েছেন। আগামী দোসরা অক্টোবর গান্ধী জয়ন্তী, এই উপলক্ষে তিনি খাদি বস্ত্র কেনার ওপর জোর দেন।

( বাইট- ভোকাল ফর লোকাল/ বচত )

প্রধানমন্ত্রী আজ সেলবোটে, সার্কম নেভিগেশন করা ভারতীয় নৌসেনার দুই আধিকারিকের সঙ্গে কথা বলে তাদের সাফল্যের কথা দেশবাসীর কাছে তুলে ধরেন। এরা হলেন, লেফটেন্যান্ট কমান্ডার দিলনা এবং লেফটেন্যান্ট কমান্ডার রূপা। এ প্রসঙ্গে নরেন্দ্র মোদী নারী শক্তির উদযাপনকে স্মরণ করেছেন।

(বাইট- নারীশক্তি)

মন-কি-বাত-এ প্রধানমন্ত্রী আজ দু-জনের জন্মজয়ন্তীতে তাঁদের কথা বিশেষভাবে স্মরণ করেছেন।এরা হলেন অমর শহীদ ভগত সিং এবং সুরসমরাজ্ঞী লতা মঙ্গেশকর। ভূপেন হাজারিকার জন্মশত বর্ষ উপলক্ষে ও প্রধানমন্ত্রী তাঁকে গভীর শ্রদ্ধা জানিয়েছেন।

বিজয়া দশমীর দিন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ স্থাপনের শতবর্ষ পূর্ণ হচ্ছে। এক শতাব্দীর এই যাত্রাকে প্রধানমন্ত্রী আজ অভূতপূর্ব ও প্রেরণামূলক বলে বর্ণনা করেন। দেশ জুড়ে

এখন উৎসবের মরশুম চলছে। মন কি বাতের ১২৬ তম পর্বে প্রধানমন্ত্রী আসন্ন দীপাবলী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*************************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস বলেছেন মন কি বাত-এর মাধ্যমে প্রধানমন্ত্রী সাধারণ মানুষের সঙ্গে যোগাযোগ স্থাপন করেন। বাংলার দুর্গাপুজোকে ইউনেস্কোর স্বীকৃতিতে ভারতীয় হিসেবে সকলেই গর্বিত বলেও তিনি মন্তব্য করেন।

( বাইট- রাজ্যপাল )

*************************

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর ‘মন কি বাত’ নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ১৫ তে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

*************************

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা এবং সুশাসনের মন্ত্রে পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে।
আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির মাধ্যমে দেশের কৃষকদের ক্ষমতায়িত করেছে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল অভিরূপ )

*************************

শারদীয় দুর্গোৎসবের আজ ষষ্ঠী। দুর্গাষষ্ঠীর পূর্বাহ্নে আজ সকালে ষষ্ঠ্যাদি কল্পারম্ভ ও ষষ্ঠী-বিহিত পূজা প্রশস্তা সম্পন্ন হয়।

( ষষ্ঠীর ঢাক )

আজ সায়ংকালে দেবী দুর্গার আমন্ত্রণ ও অধিবাস সম্পন্ন হচ্ছে। মন্ডপে মন্ডপে চলছে তারই অনুষ্ঠান। তিথি অনুযায়ী অবশ্য পূর্বাহ্নের পরেই সপ্তমী তিথি শুরু হয়ে গেছে। আকাশ পরিস্কার থাকায় সকাল থেকেই বহু মানুষ প্রতিমা দেখতে বিভিন্ন মন্ডপে ভিড় করেছেন।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

অন্যদিকে, দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ, রায়দীঘি ও ডায়মন্ড হারবারে আজ দুপুরে কড়া রোদের পর মুষল ধারায় বৃষ্টি নামে। তা সত্বেও উৎসবমুখর পরিবেশের ভিড় কমেনি।

**************************

কলকাতা পুরসভার উদ্যোগে আজ “কলকাতা শ্রী” পুরস্কারের অন্তর্গত সেরা পুজো গুলির নাম আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়।

কলকাতা পুরসভার মেয়র পরিষদ সদস্য দেবাশীস কুমার, টালা প্রত্যয়, ৭৪ পল্লী সার্বজনীন দুর্গোৎসব, নাকতলা উদয়ন সংঘ, চালতা বাগান সার্বজনীন, হাতিবাগান সার্বজনীন, রাজডাঙ্গা নবোদয় সংঘ, বাদামতলা আষাঢ় সংঘ সহ অন্যান্য বেশ কয়েকটি পুজোর নাম বিভিন্ন বিভাগে জয়ী হিসেবে ঘোষণা করেন।

**************************

নিম্নচাপ সরে যাওয়ায় অষ্টমী পর্যন্ত ভারী বৃষ্টি না হলেও, বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

দশমীর দিন একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে এবং এর ফলে দশমী ও একাদশীর দিন উপকূলের জেলাগুলিতে ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন ।

( বাইট- অন্বেষা )

***************************

এশিয়া কাপ ক্রিকেটের ফাইনালে এই প্রথম ভারত আজ পাকিস্তানের মুখোমুখি হয়েছে। ভারত এই নিয়ে ১২ বার এশিয়া কাপের ফাইনালে উঠেছে।

দুবাই আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে টসে জিতে ভারত পাকিস্তানকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে। চোটের কারণে ভারতীয় দলে আজ হার্দিক পান্ডিয়া খেলছেন না। তাঁর পরিবর্তে খেলছেন রিঙ্কু সিং।

ফাইনাল ম্যাচকে ঘিরে গোটা বিশ্বের ক্রিকেট মহলেই তুমুল উত্তেজনা। প্রবাসী ভারতীয় ও পাকিস্তানি সমর্থকদের ভিড়ে স্টেডিয়াম জমজমাট। চলতি এশিয়া কাপে এর আগে দুবার ভারত পাকিস্তান মুখোমুখি হয়। দুবারই ভারত পাকিস্তানকে হারিয়েছে।

************************************************************************